

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৪৫-আইন/২০১৭/৩১/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219(1), THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

- (১) বিধি ৫ এর উপ-বিধি (২) এর দফা (১১) এর প্রাস্তান্তিত দাড়ি (1) এর পরিবর্তে সেমিকোলন (;) প্রতিস্থাপিত হইবে, অতঃপর নিম্নবর্ণিত নূতন দফাসমূহ সংযোজিত হইবে, যথা:-
- “(১২) অফিস কক্ষ নিজস্ব হইলে মালিকানা সম্পর্কিত দলিলাদি অথবা ভাড়া কৃত হইলে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি;
- (১৩) আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;
- (১৪) প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।”
- (২) বিধি ২২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২২ প্রতিস্থাপিত হইবে, যথা :-
- “২২। আপিল।- বিধি ২১ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বা কাস্টমস এজেন্ট যথাযথ আপিল কর্তৃপক্ষ বরাবর আপিল দায়ের করিতে পারিবেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান